**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**10 JANUARY 2025** **7:45—7:55**

---

(১) আগামী দশই ফেব্রুয়ারির পূর্বে রাজ্যের সব নিযুক্তি প্রক্রিয়া সম্পূর্ণ করা হবে বলে এ ডি আর ই'র নিযুক্তি পত্র বিতরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার ঘোষণা/

(২) সুস্থ ব্যক্তি-ই সুস্থ সমাজের ভিত্তি গড়ে তোলে বলে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য্যের উত্তর-পূর্ব স্বাস্থ্য যত্ন ব্যবস্থাপনা সম্মেলনে মন্তব্য/

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৭ই জানুয়ারি দুদিনের সফরে রাজ্যে এসে গুয়াহাটি-কোলকাতা বন্দেভারত স্লিপার ট্রেনের যাত্রার সূচনা/

এবং

(৪) অস্মিতা খেলো ইন্ডিয়া জাতীয় ভারোত্তোলনে আসামের পরিস্মিতা গগৈ এবং আইসেংফা গগৈর স্বর্ণপদক অর্জন/

---

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ১০ ই ফেব্রুয়ারীর আগে সব নিযুক্তি প্রক্রিয়া সম্পূর্ণ করা হবে বলে ঘোষণা করেছেন । সরুসজাইয়ের অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে আজ আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা - এ ডি আর ই তে উত্তীর্ণ তৃতীয় শ্রেণীর ৬ হাজার ৩৪৭ জন প্রার্থীর মধ্যে নিযুক্তিপত্র বিতরণ করার পর এক সাংবাদিক সম্মেলনে ড.শর্মা একথা জানান । তিনি বলেন যে দেশের বেশ কয়েকটি রাজ্য এধরণের নিযুক্তি প্রক্রিয়া অনুসরণ করেছে । রাজ্যে নতুন করে নিযুক্তি লাভ করা প্রার্থীর সংখ্যা ১ লক্ষ ৫৬ হাজার অতিক্রম করেছে বলে তিনি মন্তব্য করেন । ড.শর্মা বলেন যে নিযুক্তি প্রক্রিয়াকে নিয়ে এপর্যন্ত কোনো ধরণের অভিযোগ ওঠেনি ।

আগামী সোমবার গৌহাটী মেডিকেল কলেজ প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে এ ডি আর ইতে উত্তীর্ণ ২৯২ জন চা জনগোষ্ঠীর প্রার্থীদের মধ্যে নিযুক্তি পত্র বিতরণ করা হবে ।

---

দুর্নীতির বিরুদ্ধে শূন্য সহনশীলতার নীতি কার্যকরী করার ক্ষেত্রে রাজ্য সরকার কঠোর অবস্থান গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে উল্লেখ করেছেন । মুখ্যমন্ত্রী বলেন যে- কোনো কারণে দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হয় না এবং আগামীতেও সরকার এই ক্ষেত্রে কঠোর অবস্থান গ্রহণ করবে । ২০২৫ সালে রাজ্য সরকারের দুর্নীতি নিরীক্ষণ এবং নিবারণ সঞ্চালকালয় দুর্নীতি নির্মূলের ক্ষেত্রে রেকর্ড সংখ্যক কাজ সম্পন্ন করেছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন । তিনি বলেন যে- বিগত বছরে দুর্নীতি নিরীক্ষণ এবং নিবারণ সঞ্চালকালয় একশো শতাংশ অভিযোগনামা দাখিল করেছে । এই সময়ে ৭৪টি অভিযোগনামা দাখিল করা হয়েছে এবং ৩২ জন কর্মচারীকে দুর্নীতির অভিযোগে আটক করা হয়েছে বলে তিনি জানিয়েছেন । সংস্কারমূলক ব্যবস্থায় কঠোর থেকে কঠোরতম পদক্ষেপ গ্রহণ করে সরকারী ব্যবস্থাকে নতুন রূপ দিতে সরকার দায়বদ্ধ বলে তিনি মত প্রকাশ করেন ।

---

দেশের ঐতিহ্যগত পরম্পরায় স্বাস্থ্য ক্ষেত্রে সবসময়ই সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয়েছে বলে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য্য প্রকাশ করেছেন । গুয়াহাটিতে আজ দ্বিতীয় উত্তর পূর্ব স্বাস্থ্য যত্ন ব্যবস্থাপনা সম্মেলনের উদ্বোধন করে রাজ্যপাল বলেন যে- সুস্থ ব্যক্তি-ই সুস্থ সমাজের ভিত্তি । এবং সমাজ সুস্থ হলে রাষ্ট্র-ও সুস্থ হয় । তিনি বলেন যে- স্বাস্থ্যের যত্নের পরিসর রোগ সনাক্তকরণ ও চিকিৎসার পরিধির থেকে আরো বেশি ব্যাপক । তা জনসাধারণের মর্যাদা সুরক্ষিত করা এবং রাষ্ট্রের সাংবিধানিক দায়িত্ব পূরণ করার গুরুত্বপূর্ণ ব্যবস্থা বলে তিনি মন্তব্য করেছেন। শ্রী আচার্য্য আরো বলেন যে- ফলপ্রসূ স্বাস্থ্যসেবা ব্যবস্থায় সকল নাগরিকের জন্য গুণগত সেবা সহজলভ্য করা এবং বহনসাধ্য করতে হবে । জটিল ভৌগলিক অবস্থান এবং সাংস্কৃতিক বৈচিত্রের মতো উত্তর পূর্বাঞ্চলের নিজস্ব কিছু পৃথক প্রত্যাহ্বানের বিষয়ে আলোকপাত করে রাজ্যপাল শ্রী আচার্য্য এই অঞ্চলে স্বস্থ্যসেবা প্রদানের ব্যবস্থা সুদৃঢ় করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গীর কথা উল্লেখ করে রাজ্যপাল বলেন যে- সুস্থ নাগরিক একটি আত্মনির্ভর এবং সবল রাষ্ট্রের ভিত্তি স্বরূপ । আয়ুষ্মান ভারত, স্বাস্থ্য এবং কল্যাণ কেন্দ্র, আয়ুষ্মান ভারত ডিজিট্যাল অভিযান এবং ই-

সঞ্জীবনীর মাধ্যমে দূরসংযোগ ব্যবস্থায় চিকিৎসা প্রদানের সুবিধার ফলে সকল স্থানে, বিশেষ করে দুর্গম অঞ্চলে স্বাস্থ্য সেবা সহজলভ্য হয়ে উঠেছে বলে তিনি মন্তব্য করেছেন ।

-----------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ জানুয়ারী দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসবেন । ১৭ জানুয়ারী বিকেলে প্রধানমন্ত্রী গৌহাটীতে প্রায় ১০ হাজার শিল্পীর বাগরুম্বা নৃত্য উপভোগ করবেন । প্রধানমন্ত্রী সেই দিনই গৌহাটীতে কামাখ্যা ও কোলকাতার মধ্যে চলাচল করা বন্দে ভারত স্লিপার ট্রেনের যাত্রার সূচনা করবেন । এই ট্রেনটি হচ্ছে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেন । ১৬ টি বগি বিশিষ্ট ট্রেনটিতে ৮৩৩ জন যাত্রীর ব্যবস্থা রয়েছে। প্রধানমন্ত্রী আগামী ১৮ জানুয়ারী কলিয়াবরের মৌসন্দা খেলার মাঠে এক জনসভায় অংশ নেবেন এবং এই সভায় কলিয়াবর থেকে বোকাখাত পর্যন্ত ৬ হাজার ৯৫৭ কোটি টাকা ব্যয়ে নির্মীয়মান কাজিরাঙ্গা এলিভেটেড করিডোরের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । রাজ্যের সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা এবং রাজস্ব ও দুর্যোগ ব্যাবস্থাপনা মন্ত্রী কেশব মহন্ত আজ প্রধানমন্ত্রীর জনসভা স্থল পরিদর্শন করেন । প্রধানমন্ত্রী শ্রী মোদী এই সফরের সময়ে ডিব্রুগড় থেকে লখনৌর গোমতী পর্যন্ত এবং গৌহাটী থেকে নতুন দিল্লীর রাউতা পর্যন্ত চলাচল করা দুটি ট্রেনের যাত্রার শুভারম্ভ করবেন ।

-----------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের যুব প্রজন্মকে শক্তিশালী ও সমৃদ্ধ রাষ্ট্র গঠনের চালিকাশক্তি বলে অভিহিত করেছেন । সামাজিক মাধ্যমে ‘বিকশিত ভারত যুবনেতা’ শীর্ষক আলোচনায় যুব প্রজন্মের সঙ্গে মত বিনিময় করার বিষয়ে আগ্রহ প্রকাশ করে শ্রী মোদী আজ বলেছেন যে- দেশের যুবশক্তি অভূতপূর্ব উৎসাহ ও উদ্দীপনায় রাষ্ট্রের প্রগতির লক্ষ্যে বদ্ধপরিকর । উল্লেখ্য- প্রধানমন্ত্রী শ্রী মোদী আগামী সোমবার স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষে নতুনদিল্লিতে আয়োজিত বিকশিত ভারত যুব আলোচনা-২০২৬ এর সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন । অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আর্ন্তজাতিক প্রতিনিধিবর্গ সহ দেশের বিভিন্ন প্রান্তের তিন হাজার যুবক-যুবতীর সঙ্গে মত বিনিময় করবেন । প্রধানমন্ত্রী একইসঙ্গে দেশের উন্নয়নমূলক লক্ষ্য এবং দীর্ঘকালীন রাষ্ট্র গঠন দৃষ্টিভঙ্গী সম্পর্কে যুবক-যুবতীদের লেখা বিকশিত ভারত যুবনেতা আলোচনা বিষয়ক রচনা সংকলনের আনুষ্ঠানিক প্রকাশ করবেন । বিকশিত ভারত যুবনেতা আলোচনার এইবারের সংস্করণের বিভিন্ন পর্যায়ে পঞ্চাশ লক্ষেরও বেশি যুবক-যুবতী অংশগ্রহণ করছে ।

-----------------------------------------------------------------------------------------------

দেশের ভবিষ্যত গড়ার ক্ষেত্রে যুব প্রজন্মের ভূমিকা গুরুত্বপূর্ণ বলে কেন্দ্রীয় যুব পরিক্রমা এবং ক্রীড়া বিষয়ক মন্ত্রী মনসুখ মান্ডভিয়া মন্তব্য করেছেন । নতুনদিল্লিতে আয়োজিত বিকশিত ভারত যুব নেতা আলোচনা-২০২৬ এর উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করে শ্রী মান্ডভিয়া আজ বলেন যে- এই আলোচনায় যুবনেতাদের প্রযুক্তি, উদ্যমশীলতা, প্রশাসন, বহনক্ষমতা এবং সামাজিক বিকাশের মতো ক্ষেত্রগুলিতে সমাধানসূত্র অন্বেষণের বিষয়ে অনুপ্রাণিত করবে । তিনি বলেন যে- এই আলোচনা, ২০৪৭ সালের মধ্যে ভারতবর্ষকে বিকশিত রাষ্ট্র রূপে গড়ে তোলার জন্য যুব প্রজন্মের প্রতিভা এবং সৃজনশীলতাকে সনাক্ত করার প্রক্রিয়া । তিনি বলেন যে- দেশের মোট জনসংখ্যার অধিকাংশ যুবক-যুবতী এবং তারা দেশের মূল শক্তি । যুবক-যুবতীদেরকে সাহস এবং উদ্ভাবনী ক্ষমতার মাধ্যমে সবল করে তুলতে পারলে তারা দেশকে উন্নত রাষ্ট্রে রূপান্তরিত করার যাত্রার চালিকা শক্তি হিসেবে পরিগণিত হবে বলে শ্রী মান্ডভিয়া মন্তব্য করেছেন । এই অনুষ্ঠানে অংশগ্রহণ করে রাষ্ট্রীয় সুরক্ষা উপদেষ্টা অজিত দোভাল যুবক-যুবতীদের ভবিষ্যতে উন্নত ভারতের নেতা হিসেবে নিজেদের প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সমর্থ করে তোলার আহ্বান জানান । তিনি বলেন যে- শক্তিশালী নেতৃত্বই মনোবল বৃদ্ধি করতে পারে এবং মনোবল ছাড়া সকল অস্ত্র-শস্ত্র এবং সম্বল অর্থহীন হয়ে পড়ে ।

-----------------------------------------------------------------------------------------------

মিজো ন্যাশনেল ফ্রন্ট- এম এন এফ রাজ্যে ক্ষমতাসীন জোরাম পিপল্স মুভমেন্ট- জেড পি এম'এর সঙ্গে মিত্রতা ভঙ্গ করার পর দক্ষিণ মিজোরামের লংইতলাই জেলায় লাই স্বশাসিত জেলা পরিষদের পরবর্তী কার্যবাহী সমিতি গঠনের জন্য কংগ্রেস ও এম এন এফ দাবী জানিয়েছে । এম এন এফ'এর প্রচার সচিব বলেছেন যে- এম এন এফ এবং কংগ্রেস নির্বাচনোত্তর সমঝোতায় উপনীত হওয়ার সঙ্গে সঙ্গে ইউনাইটেড লেজিসলেচার পার্টি গঠন করা হয়েছে । এম এন এফ'এর সি. লালসামজুয়ালা'কে এই দলের প্রধান হিসেবে নির্বাচন করা হয়েছে। লালসামজুয়ালা রাজ্যপাল বিজয় কুমার সিং'এর কাছে ২৫ সদস্যের পরিষদটির পরবর্তী কার্যবাহী সমিতি গঠন করার দাবী জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------------

উত্তর প্রদেশের মোদী নগরে অনুষ্ঠিত অস্মিতা খেলো ইন্ডিয়া জাতীয় মহিলা ভারোত্তোলন লিগে আসাম আজ দুটো সোনা এবং একটি ব্রোঞ্জ পদক অর্জন করেছে । আসামের হয়ে পরিস্মিতা গগৈ এবং আইসেংফা গগৈ স্বর্ণ পদক অর্জন করে । এবং রিয়া রাণী বড়ো ব্রোঞ্জ পদক অর্জন করেছে । পরিস্মিতা ৪৪ কিলোগ্রাম এবং

আইসেংফা ৮১ কিলোগ্রাম শাখায় সোনার পদক জিতে নেন । এদিকে রিয়া রাণী ৪৮ কিলোগ্রাম শাখায় ব্রোঞ্জ পদক জয় করতে সমর্থ হয়েছেন ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলা চেস এসোসিয়েশন ও শিলচরের বেসরকারী সংস্থা # উদ্যোগের # যৌথ ব্যাবস্থাপনায়  আজ থেকে শিলচর সার্কিট হাউস রোডের একটি ভবনে দুদিনব্যাপী কৃষ্ণ প্রসাদ রাই স্মৃতি দাবা প্রতিযোগীতা আরম্ভ  হয়েছে । বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই ও শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী আজ সকালে এই প্রতিযোগীতার উদ্বোধন করেন । এরপর উভয়েই প্রদর্শনীমূলক দাবা খেলায় অংশ নেন । মন্ত্রী শ্রী রাই তাঁর বক্তব্যে দাবা খেলা বুদ্ধি ,ধৈর্য ও সঠিক সিদ্ধান্তে উপনীত হতে সহায়তা করে বলে উল্লেখ করেন । বিধায়ক দীপায়ন চক্রবর্তী এই খেলায় প্রতিপক্ষকে সম্মান জানানো সহ জয় পরাজয়কে সমমানসিকতায় গ্রহণ করতে অংশগ্রহণকারী প্রতিযোগীদের আহ্বান জানান ।
উল্লেখ্য ছেলে ও মেয়েদের  অনূর্ধ্ব ৭ , ৯ ,১১ ,১৩ ও ১৫ ক্যাটাগরি এবং ওপেন ক্যাটাগরিতে এই প্রতিযোগীতা অনুষ্ঠিত হচ্ছে । চ্যাম্পিয়নশিপে বিজয়ীদের পুরস্কারস্বরূপ নগদ অর্থ প্রদান করা হবে । এছাড়াও ষাটোর্ধ্ব খেলোয়াড়দের বিশেষ পুরস্কার প্রদান করা হবে । আগামীকাল দিনের বেলায় প্রতিযোগীতা রয়েছে । এরপর সন্ধ্যায় পুরস্কার বিতরন করা হবে ।

--------------------------------------------------------------------------------